

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি শিক্ষা অধিদপ্তর  
শাখা-০৬ (ভোকেশনাল-০১)  
এফ-৪/বি, আগারগাঁও, প্রশাসনিক এলাকা  
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।

স্মারক নং- ভিটি/৬৪৪/৯২/

তারিখঃ /১০/২০১৬ খ্রিঃ।

প্রাপকঃ অধ্যক্ষ  
জয়পুরহাট টেকনিক্যাল স্কুল ও কলেজ  
জয়পুরহাট।

বিষয়ঃ পারিবারিক পেনশন মঞ্জুরী প্রসংগে।

সূত্রঃ টিএসসি(জ)/৩৬৬ তারিখঃ ১৫/০৯/২০১৬ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানান যাচ্ছে যে, জয়পুরহাট টেকনিক্যাল স্কুল ও কলেজের অফিস সহায়ক জনাব মোঃ শাহজাহান আলী চাকুরীরত অবস্থায় গত ১৯/০৪/২০১৬ খ্রিঃ তারিখে মৃত্যু বরন করেন। মরহুমের বিধবা স্ত্রী মোছাঃ আনোয়ারা বেগম তার স্বামী মরহুম শাহজাহান আলীর পারিবারিক পেনশন মঞ্জুরী প্রদানের জন্য আবেদন করেছেন। উক্ত প্রস্তাবের সাথে নিম্নোক্ত কাগজ পত্র না থাকায় মঞ্জুরী প্রদানের বিষয়ে নিম্ন বর্ণিত তথ্যাদির প্রয়োজন :

০১. পারিবারিক পেনশন নির্ধারণের জন্য নির্ধারিত লাল ফরম ২.২ - ০২ সেট।
০২. আবেদনকারীর নমুনা ও পাঁচ আঙ্গুলের ছাপ মূল কপি - ০২ কপি।
০৩. অধ্যক্ষ কর্তৃক না-দাবী সনদ (কোন প্রকার আর্থিক পাওনাদি, অডিট আপত্তি এবং কোন মামলা সংক্রান্ত বিষয় আছে কিনা উল্লেখ পূর্বক না-দাবী মূল প্রত্যয়ন পত্র প্রয়োজন) - ০২ কপি।
০৪. উত্তরাধীকার সনদ ও নন-ম্যারিজ সনদ (সংযোজনী-৩) প্রয়োজন। অধ্যক্ষ কর্তৃক প্রতিস্বাক্ষরিত মূল কপি - ০২ কপি।
০৫. উত্তরাধীকারীগণ কর্তৃক ক্ষমতা অর্পন পত্র ছবি সহ (সংযোজনী-৭), অধ্যক্ষ কর্তৃক প্রতিস্বাক্ষরিত মূল কপি - ০২ কপি।
০৬. মরহুমের বিধবা স্ত্রীর অঙ্গীকার নামা প্রয়োজন - অধ্যক্ষ কর্তৃক প্রতিস্বাক্ষরিত - ০২ কপি।
০৭. মৃত্যু সনদ অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত - ০২ কপি।
০৮. জাতীয়তা সনদ অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত - ০২ কপি।
০৯. চাকুরী ও বেতন নির্ধারনীর সার্বিক বিবরণী অধ্যক্ষ কর্তৃক প্রতিস্বাক্ষরিত - ০২ কপি।

উল্লিখিত তথ্যসমূহ সংযোজন পূর্বক পুনরায় পূর্ণাঙ্গ প্রস্তাব প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।


স্বাক্ষরিত/-  
(মোঃ জহুরুল ইসলাম)  
সহকারী পরিচালক  
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

স্মারক নং- ভিটি/৬৪৪/৯২/ ১২৯৩ ৩৩

তারিখঃ ০২/১০/২০১৬ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হল।

- ০১। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আই.সি.টি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, তাকে অত্র পত্রখানা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০২। মোসাঃ আনোয়ারা বেগম, স্বামীঃ মরহুম- শাহজাহান আলী, জয়পুর (সুইচ গেইট), খনজনপুর, জয়পুরহাট।
- ০৩। সংরক্ষণ নথি।

  
(মোঃ জহুরুল ইসলাম)  
সহকারী পরিচালক  
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।